

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.৪২.৯০০০.০০০.১৪.১২১.১৫(১)২২৪

তারিখঃ ০৬ বৈশাখ ১৪২৪  
১২ এপ্রিল ২০১৭

বিষয়ঃ ২০১৬-২০১৭ অর্থ বছরে সুনামগঞ্জ জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন।

সূত্রঃ সুনামগঞ্জ জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-জেপ/সুনাম/কাশা/এডিপি/২০১৭/১০০৩ তারিখঃ ১৬/৩/২০১৭।


২০১৬-২০১৭ অর্থবছরে এডিপি খোক বরাদ্দের বিভাজন অনুযায়ী সাধারণ বরাদ্দের আওতায় ২২,০০,০০০/- (বাইশ লক্ষ) টাকায় নিম্নে বর্ণিত ২টি প্রকল্প নিম্নে বর্ণিত শর্তে বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

ক্রঃনং	প্রকল্পের নাম	বরাদ্দের পরিমাণ
১.	সুনামগঞ্জ সদর উপজেলার বিভিন্ন স্থানে ২০টি নলকূপ স্থাপন	১২,০০,০০০/-
২.	ধর্মপাশা উপজেলার নওধার গ্রামের ঈদগাহ মাঠের উন্নয়ন ও দেয়াল নির্মাণ	১০,০০,০০০/-
	মোট=	২২,০০,০০০/-

শর্তসমূহঃ

- ৫.০০ লক্ষ থেকে ৫.০০ লক্ষ টাকার উর্ধ্বের প্রকল্প/প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী এলজিইডি, সুনামগঞ্জ কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে ;
- পিপিআর ২০০৮- এর এসংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণ করে প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে ;
- স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে ;
- নলকূপসমূহ বিভিন্ন ব্যক্তির বাড়িতে স্থাপন না করে সর্বসাধারণ পানি পান করতে পারে এরূপ স্থানে স্থাপন করতে হবে;
- প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর প্রকল্প স্থানে "জেলা পরিষদ সুনামগঞ্জ এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত" বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।

২। ৭,০০,০০০/- (সাত লক্ষ) টাকায় গৃহীত প্রকল্প তালিকার ক্রমিক নং-৩ এ বর্ণিত প্রকল্পটি জামালগঞ্জ উপজেলাধীন সাচনাবাজার ইউনিয়ন কমপ্লেক্সের সীমানা প্রাচীর নির্মাণ বিধায় জেলা পরিষদের মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাবে অসম্মতি জ্ঞাপন করা হলো।

  
(জুবাইদা নাসরীন)  
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-[lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, সুনামগঞ্জ।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। চেয়ারম্যান, জেলা পরিষদ, সুনামগঞ্জ।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।